



## প্রেস বিজ্ঞপ্তি

### বর্ণাচ্য আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয়ে মহান বিজয় দিবস উদ্ঘাপিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৬ ডিসেম্বর ২০২৩।

বর্ণাচ্য আয়োজনের মধ্যদিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে উদ্ঘাপিত হয়েছে মহান বিজয় দিবস ২০২৩। দিবসটি উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় প্রশাসন দিনব্যাপী নানা কর্মসূচি গ্রহণ করেন। সকালে মাননীয় উপাচার্য (ক.দ.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরজ্জামান ভুঁইয়ার উপস্থিতিতে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসটির আনুষ্ঠানিকতা শুরু হয়। এরপর বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি ক্যাডেট কর্তৃক গার্ড অব অনার গ্রহণ করেন উপাচার্য মহোদয়। সকাল ৯:৩০ টায় উপাচার্য মহোদয়ের নেতৃত্বে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের অংশগ্রহণে অনুষ্ঠিত হয় বর্ণাচ্য বিজয় র্যালি। র্যালি শেষে বিশ্ববিদ্যালয়ের ছয় দফা বেদীতে পুস্পস্তবক অর্পণের মাধ্যমে জাতির শ্রেষ্ঠ সন্তানদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন উপাচার্য (ক.দ.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরজ্জামান ভুঁইয়াসহ বিশ্ববিদ্যালয় প্রশাসন। এরপর পুস্পস্তবক অর্পণে অংশ নেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, প্রেড ১১-১৬ ও প্রেড ১৭-২০ কল্যান পরিষদ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, বঙ্গমাতা শেখ ফজিলাতুল্লেহ মুজিব হল, বিভিন্ন বিভাগ, বিভিন্ন কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের সংগঠন উত্তরাধিকারসহ বিশ্ববিদ্যালয়ের অন্যান্য সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন। দিবসটি উপলক্ষে সকাল ১১ টায় মুক্তমণ্ডে অনুষ্ঠিত হয় এক আলোচনা সভা। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ইউনিভার্সিটি অব ফ্রেশনালস এর বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক ড. সৈয়দ আমোয়ার হোসেন। এসময় প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, বাংলাদেশ আজ সমৃদ্ধির পথে বহুদূর এগিয়ে গেছে। আগামীর সুখী সমৃদ্ধ বাংলাদেশ তৈরি করতে হলে বঙ্গবন্ধুর দেখানো পথে হাটতে হবে এবং মুক্তিযুদ্ধের স্বপ্ন বাস্তবায়ন করতে হবে। আর তাহলেই বাংলাদেশ সত্যিকার অর্থে তার কাঞ্জিত গন্তব্যে পৌছাতে পারবে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (ক.দ.) অধ্যাপক ড. মোহাম্মদ বদরজ্জামান ভুঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক জন-ইতিহাস ইন্সটিউটের সভাপতি অধ্যাপক ড. মেসবাহ কামাল এবং রাষ্ট্রবিজ্ঞানী অধ্যাপক ড. শওকত আরা। সভাপতির বক্তব্যে উপাচার্য মহোদয় সকলকে বিজয় দিবসের শুভেচ্ছা জানিয়ে বলেন, বঙ্গবন্ধুর অপর নাম বাংলাদেশ। বঙ্গবন্ধু ছাড়া বাংলাদেশের অস্তিত্ব কল্পনা করা যায় না। বঙ্গবন্ধু বাঙালীর আত্মর্যাদা প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন। আর সেই আত্মর্যাদা আজ নিশ্চিত করেছেন তাঁরই সুযোগ্য কল্যান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এগিয়ে যাওয়া বাংলাদেশের এ অঞ্চলিক আজ যারা বাধারাত্মক করতে চাচ্ছে সেই সকল স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ বিরোধী অপশক্তি এবং তাদের সকল ঘড়ের প্রতিক্রিয়াকে ঐক্যবন্ধনভাবে রূপে দিতে বরিশাল বিশ্ববিদ্যালয়সহ সকল শ্রেণী পেশার মান্যবের প্রতি আহবান জানান উপাচার্য মহোদয়। সভায় অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন, বিজনেস স্টেডিজ অনুষ্ঠানের ডিন ড. আব্দুল্লাহ আল মাসুদ, কলা ও মার্মিক অনুষ্ঠানের ডিন তানভীর কায়াচার, শেরে বাংলা হলের প্রভোস্ট আবু জাফর মিয়া, অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক ডাঃ তানজীন হোসেন, প্রেড ১১-১৬ কল্যান পরিষদের সভাপতি শাহজাদা খান ও প্রেড ১৭-২০ কল্যান পরিষদের সভাপতি আরিফ সিকদার। রেজিস্ট্রার মনিকুল ইসলামের সঞ্চালনায় সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। এদিকে সকাল ১০:৩০ টায় মহান বিজয় দিবস উপলক্ষে ২৫টি বিভাগের অংশগ্রহণে আয়োজিত দেয়ালিকা প্রদর্শনী এবং শিক্ষার্থীদের জন্য ৫২ সিটের “জয়ত্ব” বাস উদ্বোধন করেন উপাচার্য মহোদয়। সভাশেষে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র আয়োজিত কুইজ ও দেয়ালিকা প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। এছাড়াও দিবসটি উপলক্ষে বিকাল ৩ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

২০২৩ খ্রিস্টাব্দ

উপ-পরিচালক (চ.দ.)

জনসংযোগ অফিস